

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৫৯৫

২৪/ অভিযান (کتاب السیر عن رسول الله صلی الله علیه وسلم) পরিচ্ছেদঃ যিম্মীদের সম্পদ থেকে কি কি গ্রহন করা হালাল?

# باب مَا يَحِلُّ مِنْ أُمْوَالِ أَهْلِ الذِّمَّةِ

#### আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا ابْنُ لَهِيعَةَ، عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ، عَنْ أَبِي الْخَيْرِ، عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ، قَالَ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ إِنَّا نَمُرُّ بِقَوْمٍ فَلاَ هُمْ يُضَيِّفُونَا وَلاَ هُمْ يُوَدُّونَ مَا لَنَا عَلَيْهِمْ عَنْ الْحَقِّ وَلاَ نَحْنُ نَأْخُذُ مِنْهُمْ. فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِنْ أَبُوا إِلاَّ أَنْ تَأْخُذُوا كَرْهًا فَخُذُوا ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَديثٌ حَسَنٌ . وَقَدْ رَوَاهُ اللَّيْثُ بْنُ سَعْدٍ عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ أَيْضًا . وَإِنَّمَا مَعْنَى هَذَا الْحَديثِ أَنَّهُمْ كَانُوا يَخْرُجُونَ فِي الْغَزْوِ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ أَيْضًا . وَإِنَّمَا مَعْنَى هَذَا الْحَديثِ أَنَّهُمْ كَانُوا يَخْرُجُونَ فِي الْغَزْوِ فَيَا لَكُونَ بَعْضِ الْعَرْوِ فَيَا لَا اللّهِ عليه فَيَمُرُّونَ بِالتَّمَنِ فَقَالَ النّبِيُّ صلى الله عليه وسلم " إِنْ أَبُوا أَنْ يَبِيعُوا إِلاَّ أَنْ تَأْخُذُوا كَرْهًا فَخُذُوا " . هَكَذَا رُويَ فِي بَعْضِ الْحَدِيثِ مُفْسَرًا وَقَدْ رُويَ فِي بَعْضِ الْحَدِيثِ مُفْسَرًا وَقَدْ رُويَ عَنْ عُمَر بْنِ الْخَطَّابِ رضى الله عنه أَنَّهُ كَانَ يَأْمُرُ بِنَحُو هَذَا .

#### বাংলা

১৫৯৫। কুতায়বা (রহঃ) ... উকবা ইবনু আমির রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি বললাম, ইয়া রাসূলাল্লাহ! আমরা কিছু সম্প্রদায়ের নিকট দিয়ে পথ অতিবাহিত করি কিন্তু তারা আমাদের আতিথেয়তাও করেন না এবং তাদের উপর আমাদের যে হক তা তারা আদায় করেন না। আমরাও তাদের থেকে বলপ্রয়োগ তা গ্রহণ করতে যাই না। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, জাের করে না নিলে যদি তারা না দেয় তবে জাের করেই তা তােমরা আদায় করবে। সহীহ, ইবনু মাজাহ ৩৬৭৬, নাসাঈ, তিরমিজী হাদিস নম্বরঃ ১৫৮৯ [আল মাদানী প্রকাশনী]

এই হাদীসটি হাসান। লায়স ইবনু সা'দ (রহঃ) এটিকে ইয়াযীদ ইবনু হাবীব (রহঃ) থেকেও বর্ণনা করেছেন। এই হাদীসটির তাৎপর্য হলো, মুসলিমরা অভিযানে বের হতেন, তারা তখন যিম্মী সম্প্রদায়ের অঞ্চল অতিক্রম করে যেতেন কিন্তু (অনেক সময়) মূল্য দিয়েও তারা খাদ্য সংগ্রহ করতে পারতেন না। এমতাবস্থায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তারা যদি খাদ্য বিক্রি করতেও অস্বীকৃতি জানায় এবং জোর করে না নিলে যদি না দেয় তবে জোর করে হলেও তা সংগ্রহ করবে। কতক হাদীসে এ ধরণের ভাষ্যের উল্লেখ পাওয়া যায়। উমার



ইবনুল খাত্তাব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত আছে যে, তিনিও এরূপ নির্দেশ দিতেন।

### **English**

Narrated 'Uqbah bin 'Amir:

"I said: 'O Messenger of Allah! We come across a people and they do not host us, and they do not give us our rights, and we do not take anything from them. So the Messenger of Allah () said: 'If they refuse such that you can only take by force, then take.'"

[Abu 'Eisa said:] This Hadith is Hasan. It has been reported by Al-Laith bin Sa'd from Yazid bin Abi Habib as well.

This Hadith only means that they would go out for battles and they would pass a people among whom they would not find any food to buy for a price. So the Prophet () told them: If they refuse to sell you, such that you have to take it forcefully, then take it. This is how the explanation has been related in some of the Ahadith. And it has been related that 'Umar bin Al-Khattab, may Allah be please with him, would order similarly.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন